# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
**স্থানীয় সরকার শাখা**
www.jamalpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৪.১১.০০১.২২-২৬৩ তারিখ ঃ-০৪/০৯/২০২২খ্রি.।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ইউনিয়ন পরিষদ-২ শাখা এর ১০/০৮/২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১৬৫ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে জামালপুর জেলায় ০৬ (ছয়) টি ইউনিয়ন পরিষদে 'ইউনিয়ন পরিষদ সচিবের' নিম্নোক্ত শূন্য পদে জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী জনবল নিয়োগের লক্ষ্যে জামালপুর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ইউনিয়ন পরিষদ সচিব | গ্রেড-১৪ স্কেল-১০,২০০-২৪,৬৮০/- (জাতীয় বেতন স্কেল- ২০১৫) | ০৬ (ছয়) টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয় |

| | |
|---|---|
| ০১ | আগ্রহী প্রার্থীগণকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯-১২-২০১৪ খ্রি. তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নম্বর স্মারকে জারিকৃত পরিপত্র অনুযায়ী নির্ধারিত চাকুরির আবেদন ফরমে স্ব-হস্তে পুরণপূর্বক জেলা প্রশাসক, জামালপুর বরাবর আবেদন করতে হবে। আবেদনের নমুনা www.mopa.gov.bd অথবা www.jamalpur.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে। এছাড়াও লিখিত পরীক্ষার প্রবেশপত্রের নমুনা কপি www.jamalpur.gov.bd এ ওয়েবসাইট হতে ডাউনলোড করে দুই কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। নির্ধারিত আবেদনপত্র ফরমটি A4 অফসেট কাগজে প্রিন্ট করতে হবে। |
| ০২ | আবেদনপত্র আগামী ২০/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে জেলা প্রশাসক, জামালপুর বরাবর পৌঁছাতে হবে। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ০৩ | পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা জেলা প্রশাসক, জামালপুর এর অনুকূলে সোনালী ব্যাংক লি. এর যে কোন শাখা হতে ইস্যুকৃত পে-অর্ডার/ডিডি (অফেরযোগ্য) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। |
| ০৪ | প্রার্থীর বয়স ২০/১০/২০২২ খ্রি. তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান বা সন্তানদের সন্তান বা প্রতিবন্ধীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। |
| ০৫ | আবেদনপত্রের সাথে পদবী ও নামের সীলসহ ১ম শ্রেণীর/ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (প্রার্থীর নাম সম্বলিত), সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং ১ম শ্রেণীর/ন্যূনতম ৯ম গ্রেডের গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে। |
| ০৬ | প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী চাকুরী প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পুরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করিতে হবে। |

**মুক্তিযোদ্ধাদের তথ্য**

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম ও পিতার নাম | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ, মৃত মুক্তযোদ্ধাদের ক্ষেত্রে মৃত্যু সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদপত্র নম্বর ও তারিখ এবং স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নতি-নাতনী দাবি করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র ও পিতা মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা মাতার নাগরিক সনদপত্র প্রমাণক | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

| | |
|---|---|
| ০৭ | খামের উপর পদের নাম ও কোটা (যদি থাকে) অবশ্যই উল্লেখ করতে হবে। |
| ০৮ | প্রার্থী কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না। বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে। |
| ০৯ | নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধি এবং সরকার নির্ধারিত কোটা/বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। |
| ১০ | মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার মূল সনদপত্র আবশ্যিকভাবে উপস্থাপন করতে হবে। শিক্ষাগত যোগ্যতা প্রমাণের ক্ষেত্রে মূল সনদপত্র/ সাময়িক সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র গ্রহণযোগ্য হবে না। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি. এ প্রদান করা হবে না। |
| ১১ | কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন শর্ত সংযোজন/ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন। |
| ১২ | চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশনে এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তার নির্বাচিত প্রার্থীতা বাতিল বলে বিবেচিত হবে। |
| ১৩ | কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। |
| ১৪ | প্রার্থী যে ঠিকানায় লিখিত ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরত খাম (খামের সাইজ ৯ ইঞ্চি X ৪ ইঞ্চি) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। |
| ১৫ | আবেদন ফরমের সকল কলাম যথাযথভাবে পুরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১৬ | আবেদন ফরমে প্রার্থীর মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। |

স্বা/-
(শ্রাবন্তী রায়)
জেলা প্রশাসক
জামালপুর।
ফোন- ০৯৮১-৬৩১৮৮
ই-মেইল- dcjamalpur@mopa.gov.bd

জি-১৯৩৬/২২ (১০X৪)